

সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৫/৬৩

তারিখঃ ২৩ মার্চ, ২০২৫

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসা ও আর্থিক ব্যবস্থায় পুনর্গঠনের লক্ষ্যে গঠিত নীতি সহায়তা প্রদান সংক্রান্ত বাছাই কমিটি প্রসঙ্গে।

সূত্রঃ বিআরপিডি, ডিভিশন-১(সিআরএস)/৯০১/২০২৫-৩৩৬৫, তারিখঃ ১০/০৩/২০২৫ইং


আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, উপরোক্ত নীতি সহায়তা প্রদান সংক্রান্ত বিষয়ে নিয়ন্ত্রণ বহির্ভূত কারণ যেমনঃ কোভিড-১৯, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, বৈশ্বিক অর্থনৈতিক নিম্ন প্রবৃদ্ধি, বন্যাসহ প্রকৃতিক দুর্যোগ ও রাজনৈতিক প্রেক্ষাপটের পাশাপাশি বিনিময় হার অবচয়জনিত ক্ষতি, জ্বালানি মূল্য বৃদ্ধি ও জ্বালানি সংকটজনিত কারণে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী ও শিল্প প্রতিষ্ঠানসমূহের আবেদন বিবেচনা করা যাবে। প্রযোজ্য ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর, ২০২৪ পরবর্তী সময়ে শ্রেণিকৃত হয়েছে বা অদ্যাবধি শ্রেণিকৃত হয়নি কিন্তু নানাবিধ নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে সমস্যাগ্রস্ত (distressed) অবস্থায় রয়েছে এরূপ ঋণসমূহও বিবেচনায় নেয়া যাবে মর্মে বাংলাদেশ ব্যাংক সূত্রোক্ত নির্দেশনা সকল তফসিলি ব্যাংকের অনুকূলে জারী করেছে। উল্লেখ্য, এখানে ঋণ সীমার কোন বার নাই।

এ বিষয়ে আপনার ব্যাংকের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় সুবিধা পেতে পারেন।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সূত্রোক্ত নির্দেশনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,


মোঃ ফরুজুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তিরি •



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-১)

সূত্র: বিআরপিডি/ডিভিশন-১(সিআরএস)/৯০১/২০২৫-৩৩৬৫

তারিখ: ১০ মার্চ ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল ভূমিসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসা ও আর্থিক ব্যবস্থার পুনর্গঠনের
লক্ষ্যে গঠিত নীতি সহায়তা প্রদান সংক্রান্ত বাছাই কমিটি প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে ৩০ জানুয়ারি ২০২৫ তারিখের পত্র নং-বিআরপিডি(ডি-১)/পি/৬৬১/আরআর/২০২৫-১৫৩২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ২। উল্লিখিত পত্রে নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে প্রকৃত ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানসমূহকে বিশেষ বিবেচনায় নীতি সহায়তা প্রদান সংক্রান্ত বিষয়ে আপনাদেরকে কতিপয় নির্দেশনা প্রদান করা হয়। এফসে, ইতিপূর্বে প্রদত্ত নির্দেশনার ধারাবাহিকতায় উল্লিখিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকে আবেদন প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলোঃ
 - ক) নিয়ন্ত্রণ বহির্ভূত কারণ যেমন কোভিড-১৯, রাশিয়া-ইউক্রেন যুদ্ধ, বৈশ্বিক অর্থনৈতিক নিম্ন প্রবৃদ্ধি, বন্যাসহ প্রাকৃতিক দুর্যোগ ও রাজনৈতিক ঝেঁকপটের পাশাপাশি বিনিময় হার অবচয়জনিত ক্ষতি, জ্বালানি মূল্য বৃদ্ধি ও জ্বালানি সংকটজনিত কারণে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী ও শিল্প প্রতিষ্ঠানসমূহের আবেদন বিবেচনা করা যাবে। প্রযোজ্য ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর ২০২৪ পরবর্তী সময়ে শ্রেণিকৃত হয়েছে বা অদ্যাবধি শ্রেণিকৃত হয়নি কিন্তু নানাবিধ নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে সমস্যাম্বস্ত (distressed) অবস্থায় রয়েছে এরূপ ঋণসমূহও বিবেচনায় নেয়া যাবে;
 - খ) আবেদন দাখিলের ক্ষেত্রে প্রাথমিকভাবে, ইতিপূর্বে ০৩(তিন) বার বা তার কম পুনঃতফসিলিকৃত ঋণসমূহকে অগ্রাধিকার প্রদান করতে হবে;
 - গ) গ্রাহকের ঋণ পরিশোধের নিমিত্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় নগদ অর্থ প্রবাহ বিবেচনায় নিয়ে তার প্রস্তাবনা ও পরিশোধসূচিসহ ঋণদাতা ব্যাংকের সাথে আলোচনাপূর্বক আবেদন দাখিল করতে হবে;
 - ঘ) ব্যাংক উক্ত আবেদন যাচাই-বাছাই ও বিধি-বিধান পরিপালন করত ৩০ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে সংযুক্ত ছকে বর্ণিত তথ্যাদি সহ ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ (ডিভিশন-১) এ দাখিল করবে; এবং
 - ঙ) এ বিষয়ে ব্যাংক তাদের প্রকৃত ক্ষতিগ্রস্ত গ্রাহকদেরকে অবহিত করবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)

পরিচালক (বিআরপিডি)

ফোন: ০২-৯৫৩০২৫২

ই-মেইল: shahriar.stddtqui@bb.org.bd

সংযুক্তি ০১(এক) পৃষ্ঠা।